

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

যশোর শাখা, ৩৬, এম. কে. রোড, যশোর।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব মোঃ আসাদুজ্জামান, পিতা- মৃত নূরুজ্জামান, সাকিন- বেজপাড়া, ডাকঘর- যশোর-৭৪০০, যশোর টাউন, থানা- কোতয়ালী, জেলা- যশোর কতৃক তাহার নিজ নামে এবং তাহার মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠান 'মেসার্স আসাদুজ্জামান' এর নামে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, যশোর শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংকে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১.০১.২০১৬ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মেসার্স আসাদুজ্জামান এর হিসাবে ৪,৯৪,০২,৬৭০.৪৩ (চার কোটি চুরানব্বই লক্ষ দুই হাজার ছয় শত সত্তর টাকা তেতাল্লিশ পয়সা) টাকা ও মোঃ আসাদুজ্জামান এর হিসাবে ৮,২২,৪৩৬.৬৯ (আট লক্ষ বাইশ হাজার চার শত ছত্রিশ টাকা উনসত্তর পয়সা) টাকা, সর্বমোট ৫,০২,২৫,১০৭.১২ (পাঁচ কোটি দুই লক্ষ পঁচিশ হাজার এক শত সাত টাকা বার পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদেও নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

- (১) জেলা যশোর, থানা- কোতয়ালীর অধীন ৭৯ নং খড়কি মৌজায় খতিয়ান নং- এসএ- ২১৯, পৃথক- ১৫৪২, ডিপি-৭৩৯; দাগ নং- এসএ- ১৭৩, ৫৭৮, ৬৩৫, আরএস- ১২৯৮, ২১৫৭, ২১৮৭; সুনদিষ্ট দখল- এস. এ. ১৭৩ নং দাগে, মোট জমির পরিমাণ-১৫.০০ শতাংশ।
- (২) জেলা যশোর, থানা কোতয়ালীর অধীন ৭৯ নং খড়কি মৌজায় খতিয়ান নং- সিএস- ৪১, ৫১, ৪২০, ৬৫৬, এসএ- ২৯৩, ৩০৩; আরএস- ১৬৫৬, ১৬৫৫; ডিপি- ৫৮০, ১১৯; পৃথক- ১৬৯৯; দাগ নং- এসএ- ৫২১, ৫২৩, ৫২৪, ৫১৯, ৫১৮, ৫২০, আরএস- ১৯০৫, ১৯০০, ১৯০৩, ১৯০৪, ১৯০১; মোট জমির পরিমাণ- ৫৫.৩২ শতাংশ।
- (৩) জেলা যশোর, থানা কোতয়ালীর অধীন ৭৯ নং খড়কি মৌজায় খতিয়ান নং- সিএস- ১২২, এসএ- ১২৫, ব্লক- ১০১৭, ডিপি- ২৫৯, পৃথক- ১১১৯ দাগ নং- সিএস- ১৮০, এসএ- ১৮৬, আরএস- ১২৪০, ১২৪১, ১২৪৩; মোট জমির পরিমাণ- ৯.২৫ শতাংশ এবং তদুপরিস্থিত ৩ (তিন) তলা ভবন।

নিলামের শর্তাবলী

- ১। আগামী ০৭/০৪/২০১৬ ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, যশোর শাখা, যশোর এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১০% সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, যশোর শাখা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত করা হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- ৪। দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- ৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্ন স্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি/পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদিসহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্বেও দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগনকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, যশোর শাখা, যশোর।

টেলিফোনঃ ০৪২১-৬৮৭৪২।